ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৫১৭
আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

**রাজ্যের প্রত্যেক জেলায় ড্রাগ ডি-অ্যাডিকশন ট্রিটমেন্ট ফ্যাসিলিটি সেন্টার খোলার পরিকল্পনা রয়েছে ঃ সমাজকল্যাণ মন্ত্রী**

রাজ্য সরকারের সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পরিকল্পনায় রাজ্যের প্রত্যেক জেলায় ড্রাগ ডি-অ্যাডিকশন ট্রিটমেন্ট ফ্যাসিলিটি সেন্টার খোলার পরিকল্পনা রয়েছে। ভারত সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রকের প্রকল্পে এই সেন্টারগুলি খোলা হবে। আজ বিধানসভার প্রশ্নোত্তর পর্বে বিধায়ক মিনারাণী সরকার ও বিধায়ক যাদবলাল নাথের প্রশ্নের লিখিত উত্তরে একথা জানান সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়। সমাজকল্যাণ মন্ত্রী শ্রীরায় জানান, স্বাস্থ্য দপ্তরের প্রস্তাব অনুসারে ভারত সরকার নরসিংগড়ে অবস্থিত মর্ডাণ সাইকিয়াস্ট্রিক হাসপাতালে একটি ড্রাগ অ্যাডিকশন ট্রিটমেন্ট ফেসিলিটি সেন্টারের অনুমোদন দেয়। বর্তমানে এই সেন্টার থেকেই রাজ্যে সরকারি ভাবে নেশামুক্তির চিকিৎসা পরিষেবা দেওয়া হচ্ছে। তিনি জানান, স্বাস্থ্য দপ্তর ২০০ শয্যা বিশিষ্ট 'ইন্টিগ্রেটেড রিহ্যাবিলিটেশন সেন্টার ফর অ্যাডিক্টস' সিপাহীজলাতে স্থাপনের উদ্যোগ নিয়েছে। ত্রিপুরা ট্রাইবেল অটোনমাস ডিস্ট্রিক্ট কাউন্সিলে একটা ড্রাগ ডি-অ্যাডিকশন সেন্টার তৈরী হয়েছে যা খুব শীঘ্রই চালু করা হবে। এছাড়া দক্ষিণ ত্রিপুরা ও গোমতী জেলায় ২টি ড্রাগ ডি-অ্যাডিকশন সেন্টার খোলার প্রস্তাব ভারত সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

******